



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ

ফোনঃ ০২-২২৩৩৫৬৬৫৩

Email:dgmietsystem@krishibank.org.bd

পত্র নংঃ-প্রকা/আইসিটি(সিস্টেমস)-৭০/IBFT(Inward)/২০২২-২০২৩/১৪৬০

তারিখঃ ০৯/০২/২০২৩

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকে IBFT(Internet Banking Fund Transfer) এর Inward (Receiving Capability) সার্ভিস পরিচালনা সংক্রান্ত নিয়মাবলী।

বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুযায়ী গ্রাহকদের দ্রুত ও উন্নত সেবা প্রদানের স্বার্থে বাংলাদেশ কৃষি ব্যাংক NPSB(National Payment Switch Bangladesh) সুইচ ব্যবহার করে IBFT(Internet Banking Fund Transfer) সেবা চালু করেছে। প্রাথমিকভাবে অন্যান্য ব্যাংকের গ্রাহকগণ ইন্টারনেট ব্যাংকিং/মোবাইল অ্যাপস এর মাধ্যমে তাদের ব্যাংকের হিসাব/কার্ড হতে তাৎক্ষণিকভাবে বাংলাদেশ কৃষি ব্যাংকের গ্রাহকের হিসাবে/কার্ডে টাকা স্থানান্তর করতে পারবেন। এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলারসমূহ অনুসরণ পূর্বক নিয়মাবলী প্রস্তুত করা হয়েছে, যা নিম্নরূপঃ

১.০। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক IBFT(Internet Banking Fund Transfer) সেবা চালুকরনের উদ্দেশ্য ও সুবিধাসমূহঃ

- ছুটির দিন সহ তাৎক্ষণিকভাবে ২৪/৭ গ্রাহকের নিজের হিসাব/কার্ডে টাকা গ্রহণ।
- ইলেক্ট্রনিক পদ্ধতিতে/ইন্টারনেট ব্যাংকিং/মোবাইল অ্যাপস এর মাধ্যমে লেনদেনের সুবিধা তথা নগদ অর্থের ব্যবহার কমানো।
- বৈদেশিক রেমিটেন্স সহজে দেশে আনা তথা ছন্ডির মত অবৈধ ও ঝুঁকিপূর্ণ লেনদেন হ্রাসকরণ।
- নিরাপদভাবে অর্থ আদান-প্রদানের মাধ্যম; চেক বা ডিমান্ড ড্রাফট বহন করার জটিলতা নেই।
- ব্যাংকের গ্রাহকগণের মধ্যে ইতিবাচক ধারণা বৃদ্ধি পাবে ও সর্বোপরি অত্র ব্যাংকের ভাবমূর্তি বৃদ্ধি পাবে।

২.০। IBFT(Receiving) লেনদেনে গ্রাহকদের করণীয়ঃ

- বিকেবি'র যেকোন শাখার হিসাবধারী হতে হবে।
- অন্য ব্যাংক হতে টাকা গ্রহণের ক্ষেত্রে অত্র ব্যাংকের গ্রাহকগণ বর্তমানে ব্যবহৃত ১৫ ডিজিটের ব্যাংক হিসাব নম্বর এর হাইফেন (-) ও চেক ডিজিট ব্যতীত ১৩ ডিজিটের ব্যাংক হিসাব নম্বর অন্য ব্যাংকের গ্রাহকগণকে প্রদান করবেন।
- লেনদেন সংক্রান্ত প্রতারণা ও সোশাল মিডিয়া, ই-মেইল, মোবাইল ফোন-এর মাধ্যমে আর্থিক প্রতারণার বিষয়ে সতর্ক থাকতে হবে।
- লেনদেনের সীমা অনুযায়ী লেনদেন করতে হবে।

৩.০। IBFT লেনদেনের সীমাঃ

ইলেক্ট্রনিক পদ্ধতিতে লেনদেনে উদ্বুদ্ধ করার লক্ষ্যে এনপিএসবি-এর মাধ্যমে ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার (IBFT) লেনদেনের উর্ধ্বসীমা বাংলাদেশ ব্যাংক, পেমেন্ট সিস্টেমস ডিপার্টমেন্ট এর গত ৩০/০৬/২০২১ তারিখের পিএসডি সার্কুলার নং-০৯/২০২১ এবং দৈনিক লেনদেনের সর্বোচ্চ সংখ্যা পিএসডি সার্কুলার নং-০৩/২০২২, তারিখঃ ২৮/০৮/২০২২ অনুযায়ী নির্ধারণ করা হয়েছে; যার বিবরণী নিম্নরূপঃ

ব্যক্তিগত			প্রাতিষ্ঠানিক		
দৈনিক লেনদেনের সর্বোচ্চ সীমা	একক লেনদেনের সর্বোচ্চ সীমা	দৈনিক লেনদেনের সর্বোচ্চ সংখ্যা	দৈনিক লেনদেনের সীমা	একক লেনদেনের সর্বোচ্চ সীমা	দৈনিক লেনদেনের সর্বোচ্চ সংখ্যা
১০,০০,০০০/-	৩,০০,০০০/-	বর্তমানে নেই	২৫,০০,০০০/-	৫,০০,০০০/-	বর্তমানে নেই

উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক প্রদত্ত পিএসডি সার্কুলার নং-০৮/২০২২, তারিখঃ ০৩/০৭/২০২২ অনুসারে NPSB ব্যবস্থায় IBFT এর মাধ্যমে রেমিট্যান্স এবং তদসংশ্লিষ্ট প্রণোদনা প্রদানের ক্ষেত্রে উল্লেখিত প্রাতিষ্ঠানিক একক লেনদেনের সর্বোচ্চ সীমা এবং দৈনিক লেনদেনের সর্বোচ্চ সীমা প্রযোজ্য হবেনা।

৪.০। অনিশ্পন্ন (Dispute) লেনদেন সেটেলমেন্টঃ

IBFT(Receiving Capability) এর মাধ্যমে লেনদেনের ক্ষেত্রে Sender Account (Others Bank) ডেবিট হয় এবং অত্র ব্যাংকের Receiving Account (BKB) ক্রেডিট হয়। কারিগরি সমস্যার কারণে ট্রান্সেকশন সফল না হলে টাকা Auto Reverse হয়ে Sender Account (Others Bank) ক্রেডিট হয়ে থাকে। কিন্তু কোন কোন সময় এর ব্যত্যয় ঘটতে পারে। এরূপ ক্ষেত্রে প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ কর্তৃক বাংলাদেশ ব্যাংক প্রদত্ত লেনদেনের রিপোর্ট যথাযথ ভাবে পর্যালোচনা করে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত Dispute Policy (পিএসডি সার্কুলার নং-০৬/২০১৫, তারিখঃ ১৪/০৫/২০১৫) অনুসারে সংশ্লিষ্ট ব্যাংককে ফেরত প্রদান করার পদক্ষেপ গ্রহণ করা হবে। IBFT Dispute সমাধান হওয়ার সর্বোচ্চ সময়সীমা ০৩ থেকে ০৫ কার্যদিবস; ক্ষেত্রবিশেষে এ সময়ের কম বা বেশি হতে পারে। উল্লেখ্য, বাংলাদেশ ব্যাংক প্রদত্ত পিএসডি সার্কুলার নং-০৮/২০২২, তারিখঃ ০৩/০৭/২০২২ অনুসারে NPSB ব্যবস্থায় IBFT এর মাধ্যমে রেমিট্যান্স প্রদানের ক্ষেত্রে উদ্ভূত বিরোধসমূহ (Dispute) পরবর্তী কর্মদিবসের মধ্যে নিষ্পত্তি করতে হবে।

৫.০। IBFT ট্রানজেকশন প্রতি চার্জ :

ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার (IBFT) এর মাধ্যমে টাকা গ্রহণের ক্ষেত্রে কোন চার্জ প্রযোজ্য নয়। তবে NPSB এর আওতায় এক ব্যাংকের গ্রাহক ইন্টারনেট ব্যাংকিং ফান্ড ট্রান্সফার (IBFT) পদ্ধতি ব্যবহার করে বিভিন্ন ব্যাংকে তহবিল স্থানান্তরের ক্ষেত্রে পিএসডি সার্কুলার নং-১০/২০২১, তারিখ : ১৮/১০/২০২১ অনুযায়ী লেনদেন প্রতি সার্ভিস চার্জ সর্বোচ্চ ১০.০০ (দশ) টাকা (ভ্যাট অন্তর্ভুক্ত) বাংলাদেশ ব্যাংক কর্তৃক নির্ধারণ করা হয়েছে; যা অরিজিনেটিং ব্যাংক তাদের গ্রাহকের নিকট হতে আদায় করতে পারবে।

৬.০। IBFT Receiving সংক্রান্ত হিসাবায়নপদ্ধতি :

নিম্নরূপভাবে IBFT Receiving এর হিসাবায়ন সম্পন্ন হবে :

৬.১। IBFT Receiving Auto Voucher :

HO/BR	Debit	Credit
HO ATM (0102)	IBFT Settlement GL A/C (41/112)	Online General Account (1110)
Branch	Online General Account (1110)	Customer A/C- 22(SB)/21(CD)/Loan/SND


৬.২। IBFT Receiving Voucher (Done by ATM Section) (Online Voucher) :

Debit	Credit
Due From Bangladesh Bank (81)(4001)	Online General Account (1110)
Online General Account (1110)	IBFT Settlement GL A/C(41/112) (0102)

উল্লেখ্য, IBFT Receiving সংক্রান্ত হিসাবায়ন প্রধান কার্যালয়ের আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ কর্তৃক সমন্বয় করা হবে। এক্ষেত্রে, প্রতিদিন এর রিসিডিং ট্রানজেকশন IBFT Settlement GL (41/112) A/C হেড ডেবিট হয়ে সংশ্লিষ্ট গ্রাহক হিসাব (Customer A/C- 22(SB)/21(CD)/Loan/SND) ক্রেডিট হবে এবং পরবর্তী কার্যদিবসে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রেরিত রিপোর্ট পাওয়া সাপেক্ষে যাচাই পূর্বক এলপিও পরিচালিত Due From Bangladesh Bank (81) হেড এর সাথে IBFT Settlement GL (41/112) A/C হেড সমন্বয় করা হবে।

৭.০। এমতাবস্থায়, প্রস্তুতকৃত নিয়মাবলী অনুসরণ পূর্বক IBFT(Internet Banking Fund Transfer) সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করার অনুরোধ করা হলো। এছাড়াও বাংলাদেশ ব্যাংক ও অত্র ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সার্কুলার ও দিক নির্দেশনা সমূহ যথাযথভাবে পরিপালনের পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-


(মোঃ মামুনুর রশীদ)
উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি :

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
৩. স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪. অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৫. সকল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬. বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭. মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮. আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯. সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০. নথি/ মহানথি।


০৯/০২/২০২৩
(ফয়েজ আহমেদ)
সিস্টেম এনালিস্ট